ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ১ম সংখ্যা

২ মাঘ ১৪২৩, ১৫ জানুয়ারি, ২০১৭

পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা হয়েছে। রেজিস্ট্রার অফিসের এম.ফিল ও পিএইচ.ডি. শাখার ৩২৩ নং কক্ষ থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। এম.ফিল সনদপত্র অথবা সকল পরীক্ষা পাশের মূল নম্বরপত্র এবং জনতা ব্যাংক টিএসসি শাখায় ১ হাজার টাকা জমার রশিদ দেখিয়ে প্রার্থীকে নির্ধারিত আবেদন পত্র সংগ্রহ করতে হবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে সকল পরীক্ষার নম্বরপত্রের ১ (এক)টি করে ফটোকপি ও সম্প্রতি তোলা ২ (দুই) কপি ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। বিদেশ থেকে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের পর ভর্তির আবেদন করতে হবে। পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য প্রদান না করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীকে এম.ফিল. পাশ অথবা পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ৪ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রি অথবা ৩ বছর মেয়াদী স্নাতক সম্মান ও ১ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রীর অধিকারী হতে হবে। প্রার্থীদের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। CGPA নিয়মে মাধ্যমিক/সমমান থেকে স্নাতক/স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় CGPA ৫-এর মধ্যে ৩.৫ অথবা CGPA ৪-এর মধ্যে ৩ থাকতে হবে। প্রার্থীদের স্নাতক পর্যায়ে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে অথবা সরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ২ বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া, প্রার্থীদের স্বীকৃতমানের জার্নালে প্রকাশিত কমপক্ষে ২টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও বিজনেস স্টাডিজ অনুষদের ক্ষেত্রে অন্তত ১টি গবেষণা প্রকাশনা একক নামে হতে হবে। (*২য় পৃষ্ঠায় দেখুন)

বাংলা নববর্ষ উপলক্ষে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ যে ঐতিহ্যবাহী মঙ্গল শোভাযাত্রার আয়োজন করে আসছে তা সম্প্রতি ইউনেস্কোর ইন্টার গবর্নমেন্টাল কমিটি অব আইসিএইচ কর্তৃক 'ইনট্যানজিবল কালচারাল হেরিটেজ অব হিউম্যানিটি' হিসেবে স্বীকৃত ও তালিকাভুক্ত হওয়ায় গত ২৪ ডিসেম্বর ২০১৬ চারুকলা অনুষদের বকুল তলায় 'এসো গাহি মঙ্গলের জয়গান' শীর্ষক এক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। আরও উপস্থিত ছিলেন সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব আকতারি মমতাজ, বাংলা একাডেমীর মহাপরিচালক শামসুজ্জামান খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন। ছবিতে অতিথিদের সাথে সংবর্ধিতদের দেখা যাচ্ছে।

যে দেশে মঙ্গল শোভাযাত্রা হয় সে দেশের তরুণরা অমঙ্গল করতে পারে না- উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেছেন, যে দেশে মঙ্গল শোভাযাত্রা হয় সে দেশের তরুণরা অমঙ্গল করতে পারে না। গত ২৪ ডিসেম্বর ২০১৬ চারুকলা অনুষদের বকুল তলায় 'এসো গাহি মঙ্গলের জয়গান' শীর্ষক এক অনুষ্ঠানে উপাচার্য এ কথা বলেন।

বাংলা নববর্ষ উপলক্ষে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ যে ঐতিহ্যবাহী মঙ্গল শোভাযাত্রার আয়োজন করে আসছে তা সম্প্রতি ইউনেস্কোর ইন্টার গবর্নমেন্টাল কমিটি অব আইসিএইচ কর্তৃক 'ইনট্যানজিবল কালচারাল হেরিটেজ অব হিউম্যানিটি' হিসেবে স্বীকৃত ও তালিকাভুক্ত হওয়ায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব বেগম আকতারি মমতাজ, বাংলা একাডেমীর মহাপরিচালক শামসুজ্জামান খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বক্তৃতার শুরুতেই বিজয়ের মাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মুক্তিযুদ্ধে শহীদ সূর্য-সন্তানদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। উপাচার্য মঙ্গল শোভাযাত্রার বৈশ্বিক অর্জনে ভূমিকা রাখার জন্য বাংলাদেশ সরকার, সংস্কৃতি মন্ত্রণালয় এবং ইউনেস্কো কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তিনি বলেন, সংস্কৃতিবোধ (*২য় পৃষ্ঠায় দেখুন)

'চেতনায় ৭১' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন এবং বীর মুক্তিযোদ্ধা ও গুণীজন সম্মাননা প্রদান

বিজয়ের ৪৫ বছর পূর্তি উপলক্ষে 'বাংলা দর্পণ' এর উদ্যোগে 'চেতনায় ৭১' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন এবং বীর মুক্তিযোদ্ধা ও গুণীজন সম্মাননা প্রদান অনুষ্ঠান গত ২৪ ডিসেম্বর ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়।

'বাংলা দর্পন' এর প্রধান উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠানে 'চেতনায় ৭১' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন এবং ১১জন বিশিষ্ট ব্যক্তিকে সম্মাননা প্রদান করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বক্তব্যের শুরুতেই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।

বিজয়ের ৪৫ বছর পূর্তি উপলক্ষে 'চেতনায় ৭১' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন, বীর মুক্তিযোদ্ধা ও গুণীজন সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করায় ছোট কাগজ 'বাংলা দর্পণ'কে উপাচার্য ধন্যবাদ জানান। উপাচার্য আশা করেন বাংলা দর্পণ সকলের সহযোগিতায় ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে কাজ করবে এবং সুস্থ-সংস্কৃতি চর্চায় অগ্রণী ভূমিকা রাখবে।

বিভিন্ন ক্যাটাগরিতে সম্মাননাপ্রাপ্ত ১১জন বিশিষ্ট ব্যক্তি হলেন- মুক্তিযুদ্ধে-বীর মুক্তিযোদ্ধা লে: কর্ণেল (অব:) নজরুল ইসলাম হিরু (বীর প্রতীক) এমপি, শিক্ষায়- অধ্যাপক ড. সাখাওয়াত আলী খান, শিল্পকলায়- অধ্যাপক সৈয়দ আবদুল্লাহ খালিদ, চিকিৎসায়- অধ্যাপক ডা. এ বি এম আব্দুল্লাহ, সাহিত্যে- অধ্যাপক ড. মনিরুজ্জামান, সঙ্গীতে- অধ্যাপক রেজওয়ানা চৌধুরী বন্যা, সাংবাদিকতায়- স্বপন কুমার সাহা, ব্যাংকিং ও বিনিয়োগে- অধ্যাপক সৈয়দ আহসানুল আলম পারভেজ, সমাজসেবায়- মো. মোখলেসুর রহমান, নারী উন্নয়নে- নিগার সুলতানা এবং উদ্যোক্তায়- মীর মোবাশ্বের আলী স্বপন।

বিজয়ের ৪৫ বছর পূর্তি উপলক্ষে 'বাংলার দর্পণ' এর উদ্যোগে 'চেতনায় ৭১' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন এবং বীর মুক্তিযোদ্ধা ও গুণীজন সম্মাননা প্রদান অনুষ্ঠান গত ২৪ ডিসেম্বর ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন 'বাংলার দর্পন' এর প্রধান উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ছবিতে উপাচার্যের সাথে সংবর্ধনাপ্রাপ্তদের দেখা যাচ্ছে।

গত ২৩ ডিসেম্বর ২০১৬ বিশ্ববিদ্যালয়ের সায়েন্স এ্যানেক্স ভবন প্রাঙ্গণে বাংলাদেশ আইন সমিতি আয়োজিত '৩১তম বার্ষিক সম্মেলন ২০১৬'-এর উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। বাংলাদেশ আইন সমিতির সভাপতি ড. খান মোহাম্মদ আব্দুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের স্পীকার ড. শিরীন শারমীন চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারপতি মির্জা হোসেইন হায়দার, শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী অ্যাডভোকেট মো. মুজিবুল হক এমপি, ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী অ্যাডভোকেট তারানা হালিম এমপি এবং ঢাকা ইউনির্ভাসিটি অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ। ছবিতে সমিতির পক্ষ থেকে উপাচার্যকে ক্রেস্ট প্রদান করতে দেখা যাচ্ছে।

'স্মৃতির আনন্দে এসো মিলি প্রাণের বন্ধনে' প্রতিপাদ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হল অ্যালামনাই এসোসিয়েশনের তৃতীয় পুনর্মিলনী অনুষ্ঠান গত ৬ জানুয়ারি ২০১৭ হল মিলনায়তনে উদ্বোধন করা হয়েছে। দিনব্যাপী আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকী, ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ এবং হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. সুপ্রিয়া সাহা। সভাপতিত্ব করেন শামসুন নাহার হল অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি আভা দত্ত। অনুষ্ঠানে হল অ্যালামনাই এসোসিয়েশন কমিটির সদস্যদের ক্রেস্ট প্রদান করা হয়। প্রায় সহস্রাধিক প্রাক্তন শিক্ষার্থী পুনর্মিলনীতে অংশগ্রহণ করেন।

আইবিএ'র সুবর্ণজয়ন্তী উৎসব

দেশের আর্থ-সামাজিক উন্নয়নে আইবিএ অনন্য অবদান রাখছে - উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-এর ৫০ বছর পূর্তি উপলক্ষে সুবর্ণ জয়ন্তী উৎসব গত ২২ ডিসেম্বর ২০১৬ উদযাপিত হয়েছে। এ উপলক্ষে আজ নগরীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বর্ণাঢ্য অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। মিলনায়তন চত্বর সাজানো হয় মনোরম সাজে। ইনস্টিটিউটের প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থীরা সমবেত হন মিলনায়তনে। ওসমানী স্মৃতি মিলনায়তন পরিণত হয় নবীন-প্রবীণের মিলনমেলায়। সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সুবর্ণ জয়ন্তী উৎসব উদ্বোধন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে মনোজ্ঞ উদ্বোধনী অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন আইবিএ'র পরিচালক অধ্যাপক ড. এ কে এম সাইফুল মজিদ। ধন্যবাদ জ্ঞাপন করেন আইবিএ এ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি নাজমুল হাসান পাপন এমপি।

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করে বলেন, শিক্ষার পরিবেশ বিঘ্নিত করলে ছাত্রলীগের নেতাকর্মীসহ কাউকে ছাড় দেওয়া হবেনা। অপরাধীদের আশ্রয়-প্রশ্রয় না দেওয়ার জন্যও তিনি বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের প্রতি আহ্বান জানান। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার সমালোচনা করে তিনি বলেন, এখানে শিক্ষার্থীদের চেয়ে পরীক্ষার্থী বেশী। সার্টিফিকেট অর্জনই অনেক পরীক্ষার্থীর মূল লক্ষ্য। তিনি বলেন, শিক্ষা হতে হবে জীবন গড়ার জন্য, জীবিকার জন্য নয়। দলীয় রাজনীতি থেকে শিক্ষকরা বিরত থাকলে শিক্ষার গুণগত মান বৃদ্ধি পাবে বলেও তিনি মন্তব্য করেন। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনও অবাধ ও সুষ্ঠু হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সুবর্ণ জয়ন্তী উৎসবে আইবিএ এ্যালামনাইদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। মহান মুক্তিযুদ্ধসহ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে আইবিএ'র অনন্য অবদান তুলে ধরে তিনি বলেন, আইবিএ'র তৎকালীন মেধাবী শিক্ষার্থী খাজা নিজাম উদ্দিন ভূঁইয়া ১৯৭১সালে মুখোমুখি যুদ্ধে পাকিস্তানী বাহিনীর গুলিতে শহীদ হন। এই বীর শহীদের স্মৃতি রক্ষার্থে আইবিএ'র একটি ভবনের নাম শহীদ নিজামের নামে করা হবে বলে তিনি উল্লেখ করেন।

অভিজিত রায় স্মরণে মুক্তচিন্তা স্তম্ভের নির্মাণ কাজের উদ্বোধন

ব্লগার ও বিজ্ঞানমনস্ক লেখক অভিজিত রায়ের স্মৃতিকে ধরে রাখতে এবং মুক্তচিন্তার প্রতীক হিসেবে অভিজিত রায়ের হত্যাকান্ডের স্থানে 'অভিজিত চত্বরে' গত ২৯ ডিসেম্বর ২০১৬ 'মুক্তচিন্তা স্তম্ভ' স্মারক ভাস্কর্যের নির্মাণ কাজের উদ্বোধন ঘোষণা করলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অভিজিত রায়ের পিতা বিশিষ্ট পদার্থবিজ্ঞানী অধ্যাপক ড. অজয় রায়, শিক্ষক, বুদ্ধিজীবীসহ গণজাগরণ মঞ্চের কর্মী, বিভিন্ন ছাত্র সংগঠন ও প্রগতিশীল সংগঠনের নেতৃবৃন্দ ও দেশের গণ্যমান্য ব্যক্তিবর্গ।

অধ্যাপক ড. অজয় রায়ের সূচনা বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। তিনি অভিজিত রায়ের মৃত্যুর ঘটনা অসাম্প্রদায়িক প্রগতিশীল চিন্তাধারাকে নির্মূলের এক অপপ্রয়াস বলে মন্তব্য করেন। ভিন্নমতের কণ্ঠকে রোধ করার প্রচেষ্টার বিরুদ্ধে মুক্তচিন্তার ভাস্কর্য প্রতীক হিসেবে প্রতিষ্ঠিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, অভিজিত রায়কে যারা হত্যা করেছে, কেন হত্যা করেছে তা আমরা জানি। অভিজিত রায়ের হত্যাকান্ডের স্থানে আসলে আমরা বেদনাহত হই, ক্ষুব্ধ হই। তার স্মৃতি এবং মতপ্রকাশের অধিকারের সাক্ষ্য হয়ে থাকবে এই মুক্তচিন্তার স্তম্ভের ভাস্কর্য। মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ মানুষকে যারা হত্যা করেছে, একই চক্রের উত্তরাধিকারীরা বাংলাদেশে মুক্তচিন্তার মানুষকে হত্যা করছে, পৃথিবীর বিভিন্ন দেশে নির্মম হত্যাকান্ড ঘটাচ্ছে, লিপ্ত রয়েছে জঙ্গি তৎপরতায়। তাদের শ্রেণী এক, ধর্ম এক। উপাচার্য বঙ্গবন্ধুর অসাম্প্রদায়িক চেতনাকে ধারণ করে মুক্তবুদ্ধি ও জঙ্গিবাদের বিরুদ্ধে সচেতন থাকার আহ্বান জানান। তিনি বলেন, ভাস্কর রাশা এই ভাস্কর্য নির্মাণের জন্য সম্মতি দিয়েছেন, আমি তাকে অভিনন্দন জানাই। এই ভাস্কর্য সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সকল মত প্রকাশের মানুষের প্রতীক হয়ে থাকবে। পরিশেষে নির্মাণ কাজের উদ্বোধন ঘোষণা করে উপাচার্য বলেন, কাজটি সম্পন্ন করে আগামী ২৮ ফেব্রুয়ারি এই ভাস্কর্যের উদ্বোধন করা হবে।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ড. আবুল বারকাত ও ভাস্কর রাশা। অনুষ্ঠানে অভিজিতের প্রতিকৃতিতে উপাচার্য সহ বিভিন্ন সংগঠন ও ব্যক্তিবর্গ পুষ্পস্তবক অর্পণ করেন।

অধ্যাপক ড. হেলাল উদ্দিন খান সামসুল আরেফিনের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. হেলাল উদ্দিন খান সামসুল আরেফিনের মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. হেলাল উদ্দিন খান একজন মেধাবী ও নিষ্ঠাবান শিক্ষক ছিলেন। মুক্তিযুদ্ধের চেতনায় একজন দেশপ্রেমিক হিসেবে সামাজিক বিজ্ঞানের গবেষণা ও তত্ত্ব-চিন্তায় তিনি বিশেষ অবদান রেখেছেন। উপাচার্য তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক ড. হেলাল উদ্দিন খানের মরদেহ গতকাল ২৫ ডিসেম্বর ২০১৬ রবিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে আনা হয়। বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অপরাজেয় বাংলার পাদদেশে রক্ষিত মরদেহে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, মরহুমের ভাই ড. মহিউদ্দিন খান আলমগীর, ড. বোরহানউদ্দিন খান জাহাঙ্গীর, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ ও সমিতির নব-নির্বাচিত সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, নৃবিজ্ঞান বিভাগের শিক্ষক, ছাত্রছাত্রীসহ বিপুল সংখ্যক গুণগ্রাহী।

অধ্যাপক ড. হেলাল উদ্দিন খান ১৯৪৭ সালের ১ ফেব্রুয়ারি চাঁদপুর জেলার গুলবাহার গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭৬ সালে কানাডার মেমোরিয়াল ইউনিভার্সিটি নিউফাউন্ডল্যান্ড থেকে এম এ ডিগ্রী লাভ করেন। ১৯৮৩ সালে যুক্তরাষ্ট্রের সাইরাকাস ইউনিভার্সিটি থেকে পিএইচ ডি অর্জন করেন। অধ্যাপক ড. হেলাল উদ্দিন ১৯৭১ সালের ২ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজ বিজ্ঞান বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন। তিনি ১৯৮৫ সালের ৩ জুন সহকারী অধ্যাপক পদে, ১৯৮৬ সালের ৪ এপ্রিল সহযোগী অধ্যাপক পদে এবং ১৯৯৪ সালের ২০ এপ্রিল অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেন। ১৯৯৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেন। ২০১৪ সালে বিশ্ববিদ্যালয় থেকে তিনি অবসর গ্রহণ করেন। অবসর গ্রহণের পর ইউরোপীয় ইউনিয়ন অব বাংলাদেশ-এর প্রো-ভিসি হিসেবে দায়িত্ব পালন করেন।

উল্লেখ্য, অধ্যাপক ড. হেলাল উদ্দিন খান সামসুল আরেফিন গত ২৪ ডিসেম্বর ২০১৬ নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তিনি এক ছেলে, এক মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

অধ্যাপক ড. মোহাম্মদ সেলিমের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের প্রবীণ অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম বার্ধক্যজনিত কারণে গত ২৯ ডিসেম্বর ২০১৬ ঢাকায় মৃত্যুবরণ করেছেন। অধ্যাপক ড. মোহাম্মদ সেলিমের মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম মুক্তিযুদ্ধ পরবর্তীকালে শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের প্রথম পরিচালক হিসেবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম ও পুনর্গঠন কার্যক্রমে বিশেষ অবদান রেখেছেন। ১৯৭৩-৭৪ শিক্ষাবর্ষে নতুন উদ্যমে দ্রুততার সাথে বিভিন্নমুখী কার্যক্রম গ্রহণ করে জাতীয় অগ্রগতিতে ভূমিকা রেখেছেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-শিক্ষণ পাঠক্রম ও শিক্ষা সহায়ক কর্মকান্ডে তিনি বিশেষজ্ঞ হিসেবে পরিচিত ছিলেন। উপাচার্য তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম ১৯৭৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অবসর গ্রহণ করেন।

প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের যাত্রা শুরু

ভর্তি পরীক্ষার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের যাত্রা শুরু হয়েছে। গত ২৩ ডিসেম্বর ২০১৬ বিশ্ববিদ্যালয় কলাভবন পরীক্ষা কেন্দ্রে প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিষয়ে মাস্টার্স ১ম ব্যাচের ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করেন। কলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. বেগম আকতার কামাল, বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, বিভাগের চেয়ারম্যান ও ভর্তি পরীক্ষা কমিটির সদস্য ড. সুধাংশু শেখর রায়সহ সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

যে দেশে মঙ্গল শোভাযাত্রা হয় সে দেশের তরুণরা অমঙ্গল করতে পারে না- উপাচার্য

(*১ম পৃষ্ঠার পর) মানবতাবোধকে উদ্বুদ্ধ করে। সংস্কৃতি মানুষকে মনুষ্যত্বে পরিশীলিত করে। আজকেও দেশে জঙ্গি আস্তানায় পুলিশ অভিযান চালিয়েছে। ধর্মীয় জঙ্গিবাদ ও সাম্প্রদায়িক শক্তিকে প্রতিহত করতে মঙ্গল শোভাযাত্রার অণুপ্রেরণা নিয়ে, মুক্তিযুদ্ধের চেতনা এবং সাংস্কৃতিক শক্তিকে ধারন করে এগিয়ে যাওয়ার জন্য উপাচার্য আহ্বান জানান।

উক্ত অনুষ্ঠানে মঙ্গল শোভাযাত্রা আয়োজনের সূচনালগ্নে যারা যুক্ত ছিলেন, বিশেষত ১৯৮৬-১৯৮৭ সালের চারুকলা শিক্ষার্থীবৃন্দ এবং মঙ্গল শোভাযাত্রার বৈশ্বিক স্বীকৃতি অর্জনে সহায়তা করায় সংস্কৃতি মন্ত্রণালয় ও বাংলা একাডেমীকে বিশেষভাবে সংবর্ধিত করা হয়। সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব, বাংলা একাডেমীর মহাপরিচালক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অনুষদের পক্ষ থেকে সম্মাননা ক্রেস্ট তুলে দেয়া হয়। অনুষ্ঠানে সংবর্ধিতদের হাতে শুভেচ্ছা স্মারক তুলে দেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। উত্তরীয় পরিয়ে দেন বাংলাদেশ চারুশিল্পী সংসদের সভাপতি বরেণ্য শিল্পী মুস্তাফা মনোয়ার এবং চারুকলা অনুষদের অঙ্কন ও চিত্রায়ণ বিভাগের সংখ্যাতিরিক্ত অধ্যাপক রফিকুন নবী।

পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহ্বান

(*১ম পৃষ্ঠার পর) উল্লেখ্য, দেশের কোন বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জনকারীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের পিএইচডি প্রোগ্রামে সরাসরি ভর্তি হতে পারবেন না। পিএইচডি প্রোগ্রামে ভর্তির আগে তাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমফিল প্রোগ্রামে ভর্তি হতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে এমফিল ডিগ্রিধারীদের আবেদনপত্র সংগ্রহের পূর্বে অর্জিত ডিগ্রির সমতা নিরূপণের জন্য সংশ্লিষ্ট কমিটির কাছে দরখাস্ত করতে হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য এমফিল-পিএইচডি শাখায় যোগাযোগ করা যাবে।

ডা. শাহজাহান কামালের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টার হোমিও ইউনিটের ডা. শাহজাহান কামাল গত ২৬ ডিসেম্বর ২০১৬ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন। ডা. শাহজাহান কামাল একজন বীর মুক্তিযোদ্ধা ছিলেন। সকালে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণে মরহুমের নামাজে জানাজা শেষে রাষ্ট্রীয় সম্মাননা 'গার্ড অব অনার' প্রদান করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নব-নির্বাচিত সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

রাষ্ট্রীয় সম্মাননা শেষে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এক শোকবাণীতে বলেন, ডা. শাহজাহান কামাল একজন ডাক্তার হিসেবে বিশ্ববিদ্যালয় পরিবারের সাথে যুক্ত থেকে নিষ্ঠার সাথে তাঁর পেশাগত দায়িত্ব পালন করে গেছেন। তিনি ছিলেন একজন বীর মুক্তিযোদ্ধা। মুক্তিযোদ্ধা হিসেবে ডা. শাহজাহান কামাল জাতির একজন শ্রেষ্ঠ সন্তান। বিশ্ববিদ্যালয় পরিবার তাঁকে সম্মানের সাথে সবসময় স্মরণ রাখবে।

উপাচার্য তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

ডা. শাহজাহান কামাল ১৯৫৩ সালে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় চাকুরিতে যোগদান করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও দুই মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

সুন্দরবনের জীববৈচিত্র্য বিষয়ক জাতীয় সম্মেলন

বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগের যৌথ উদ্যোগে "Sundarbans Biodiversity: Zoological Perspectives" শীর্ষক ২০তম জাতীয় সম্মেলন এবং বার্ষিক সাধারণ সভা গত ৩১ ডিসেম্বর ২০১৬ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু এমপি প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সম্মেলন উদ্বোধন করেন।

বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতির সভাপতি অধ্যাপক খান হাবিবুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ও র‌্যাংগস গ্রুপের সহ-সভাপতি আমান উল্লাহ চৌধুরী বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। এছাড়া, অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী অধ্যাপক সেলিমা খাতুন, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: আনোয়ারুল ইসলাম, বিশিষ্ট প্রাণিবিজ্ঞানী ড. আলী রেজা খান ও বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতির সাধারণ সম্পাদক ড. তপন কুমার দে বক্তৃতা করেন।

পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু এমপি জীববৈচিত্র্য রক্ষায় সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করে বলেন, এ ব্যাপারে ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে সকলকে এগিয়ে আসতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সুন্দরবনের জীববৈচিত্র্য সংরক্ষণের ওপর গুরুত্বারোপ করে বলেন, এ ব্যাপারে সবাইকে সংবেদনশীল হতে হবে। এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে শিক্ষার প্রাথমিক স্তর থেকেই প্রাণিবিজ্ঞান বিষয়ক পঠন-পাঠন অন্তর্ভুক্ত করতে হবে।

সম্মেলনে প্রাণিবিজ্ঞান অলিম্পিয়াডে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। দেশ-বিদেশের শতাধিক প্রাণিবিজ্ঞানী সম্মেলনে প্রবন্ধ উপস্থাপন করেন।

গত ১ ডিসেম্বর ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয় লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের "শহীদ এ্যাথলেট সুলতানা কামাল হোস্টেল" উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. আফতাব আলী শেখ উপস্থিত ছিলেন। ছবিতে উপাচার্যকে হোস্টেলের ফলক উন্মোচন করতে দেখা যাচ্ছে।

গত ১০ ডিসেম্বর ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফুলার রোডে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ২০১৬-এর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

"আন্তজার্তিক দুর্নীতিবিরোধী দিবস-২০১৬" উদযাপন উপলক্ষে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ-এর উদ্যোগে গত ৮ ডিসেম্বর ২০১৬ কেন্দ্রীয় শহীদ মিনারে এক মানব বন্ধন অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় আরও উপস্থিত ছিলেন টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান।

গত ১৯ ডিসেম্বর ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয় আজিমপুরস্থ আবাসিক এলাকায় টেকনিক্যাল স্টাফ কোয়ার্টারের ১০-তলা আবাসিক ভবনের ভিত্তিপ্রস্থর স্থাপনের মাধ্যমে নির্মাণ কাজের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এ সময় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, কারিগরি কর্মচারী সমিতিরি সভাপতি মো. মোজাম্মেল হক, সাধারণ সম্পাদক মো. অলিউল্লাহসহ সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

নেপালি শিল্পীদল

নেপালের দি ইনস্টিটিউট অব নেপালিজ পারফরমিং আর্টস (কলা মনদপা)-এর পরিচালক রাজেন্দ্র শ্রেষ্ঠা এবং বিশিষ্ট শিল্পী অনিতা কে. ভট্টারাই গত ২ জানুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. ইসরাফিল শাহীন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নেপালের শিল্পাঙ্গন ও চারু-কারুকলা শিক্ষা বিষয়ে মত বিনিময় করেন। উপাচার্য অধ্যাপক ড. আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

কানাডার এমিরিটাস অধ্যাপক

কানাডার সাসকেচোয়ান বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ড. অসিত কে সরকার গত ৩১ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. নাজমা শাহীন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কানাডার সাসকেচোয়ান বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রযুক্তি, পরিবেশ, আর্সেনিক এবং কৃষি ও খাদ্য নিরাপত্তা বিষয়ে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার ব্যাপারে আলোচনা করেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

যুক্তরাজ্যের অধ্যাপক

যুক্তরাজ্যের কুইন মেরি ইউনিভার্সিটি অব লন্ডন-এর অধ্যাপক ড. কামির মেহরান গত ২৮ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. রফিকুল ইসলাম, পদার্থ বিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. অজয় রায় এবং ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের সহকারী অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্যের কুইন মেরি ইউনিভার্সিটি অব লন্ডন-এর মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এ বিষয়ে উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিগ্গিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্য প্রকাশ করেন।

মালয়েশিয়া প্রতিনিধিদল

মালয়েশিয়ার সাইবারজয়া ইউনিভার্সিটি কলেজ অব মেডিক্যাল সায়েন্সেস-এর প্রেসিডেন্ট অধ্যাপক ড. মোহামাদ বিন এ. রাজাক-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৮ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- এশিয়া মেট্রোপলিটন ইউনিভার্সিটির চিকিৎসা অনুষদের ডিন অধ্যাপক ড. নাসারুদ্দির আব্দুল আজিজ, একই বিশ্ববিদ্যালয়ের ডেপুটি ডিন অধ্যাপক ড. আমালুদ্দিন আহমাদ এবং সাইবারজয়া ইউনিভার্সিটি কলেজের সহকারী অধ্যাপক ড. মো: জাহিদুল ইসলাম। এসময় ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় চিকিৎসা অনুষদের ডিন অধ্যাপক ডা. মো: ইসমাইল খান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়, মালয়েশিয়ার সাইবারজয়া ইউনিভার্সিটি কলেজ অব মেডিক্যাল সায়েন্সেস এবং এশিয়া মেট্রোপলিটন ইউনিভার্সিটির মধ্যে চিকিৎসা বিজ্ঞান বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। এই কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গত ২৭ ডিসেম্বর ২০১৬ মঙ্গলবার এসব শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বৈঠককালে তারা শিক্ষা ও গবেষণার গুণগত মানোন্নয়নে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং মালয়েশিয়ার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে অধিক হারে শিক্ষক-শিক্ষার্থী বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন।

জাপান প্রতিনিধিদল

জাপানের শিজুওকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. হিরোতাকা নাইতো-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৬ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক ড. মাসাহিরো তোকুমুরা এবং অধ্যাপক ড. উকি মিয়াকি। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় সমুদ্র বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: কাউসার আহাম্মদ ও মৎস্য বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো: রোকনুজ্জামান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের শিজুওকা বিশ্ববিদ্যালয়ের মধ্যে মৎস্য প্রজনন ও পানি দূষণ বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ সহযোগিতামূলক প্রকল্প আরও গতিশীল করার ব্যাপারে মত বিনিময় করা হয়। এসময় বাংলাদেশ এবং জাপানের মধ্যে অধিক হারে শিক্ষক-শিক্ষার্থী বিনিময়ের ওপর তারা গুরুত্বারোপ করেন।

চীনের ধর্মীয় প্রতিনিধিদল

চীনা ইসলামিক এসোসিয়েশনের সেক্রেটারি জেনারেল গুউ চ্যানংজেন-এর নেতৃত্বে বিভিন্ন ধর্মের ৬-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৪ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- সিসিআরপি'র জেনারেল সেক্রেটারি লাকান, চায়না তাওইস্ট এসোসিয়েশনের ভাইস প্রেসিডেন্ট হুয়াং জিনিয়াং, চায়না বুদ্ধিস্ট এসোসিয়েশনের ভাইস প্রেসিডেন্ট জিয়ংব, তাওইস্ট লিপিং এবং প্রোটেস্ট্যান্ট চ্যান ওয়েনজিয়ে। এসময় আরও উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের অনারারি অধ্যাপক ড. কাজী নূরুল ইসলাম এবং পালি ও বুদ্ধিস্ট বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. বিমান চন্দ্র বড়ুয়া।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চীনের সাম্প্রদায়িক সম্প্রীতি এবং আন্তঃধর্মীয় অবস্থান সম্পর্কে আলোচনা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিষয়ক যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে তাঁরা মত বিনিময় করেন। উপাচার্য বলেন, বাংলাদেশ এবং চীনের মধ্যে দীর্ঘদিনের ঐতিহাসিক সম্পর্ক বিদ্যমান রয়েছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় পরিদর্শন এবং বিশ্ববিদ্যালয় সম্পর্কে আগ্রহ প্রকাশ করার জন্য প্রতিনিধিদলকে ধন্যবাদ জানান।

মালয়েশিয়ার সাইবারজয়া ইউনিভার্সিটি কলেজ অব মেডিক্যাল সায়েন্সেস-এর প্রেসিডেন্ট অধ্যাপক ড. মোহামাদ বিন এ. রাজাক-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৮ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

জাপানের শিজুওকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. হিরোতাকা নাইতো-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৬ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

চীনা ইসলামিক এসোসিয়েশনের সেক্রেটারি জেনারেল গুউ চ্যানংজেন-এর নেতৃত্বে বিভিন্ন ধর্মের ৬-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ২৪ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

নেপালের দি ইনস্টিটিউট অব নেপালিজ পারফরমিং আর্টস (কলা মনদপা)-এর পরিচালক রাজেন্দ্র শ্রেষ্ঠা এবং বিশিষ্ট শিল্পী অনিতা কে. ভট্টারাই গত ২ জানুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. ইসরাফিল শাহীন উপস্থিত ছিলেন।

মালয়েশিয়ার মালায়া বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক অধ্যাপক ড. মো. ইয়াকুব আলী গত ৪ জানুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাবি নিউরোসায়েন্স রিসার্চ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মো. খলিলুর রহমান উপস্থিত ছিলেন।

বাংলাদেশে নিযুক্ত নেপালের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত ধণ বাহাদুর ওলী গত ৩ জানুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় দূতাবাসের সেকেন্ড সেক্রেটারি দিলি আচার্য উপস্থিত ছিলেন।

যুক্তরাজ্যের কুইন মেরি ইউনিভার্সিটি অব লন্ডন-এর অধ্যাপক ড. কামির মেহরান গত ২৮ ডিসেম্বর ২০১৬ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কলকাতা রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে গত ১৬ এবং ১৭ ডিসেম্বর ২০১৬ শুক্রবার ও শনিবার রবীন্দ্রনাথের জন্মস্থান জোড়াসাঁকোতে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হলো 'ঢাকা বিশ্ববিদ্যালয় উৎসব ২০১৬'। ১৬ ডিসেম্বর উৎসবের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় উপস্থিত ছিলেন রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সব্যসাচী বসুরায় চৌধুরী। ছবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য কর্তৃক রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম সম্বলিত সম্মাননা ক্রেস্ট প্রদান করতে দেখা যাচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কলকাতা রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে গত ১৬ এবং ১৭ ডিসেম্বর ২০১৬ শুক্রবার ও শনিবার রবীন্দ্রনাথের জন্মস্থান জোড়াসাঁকোতে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় 'ঢাকা বিশ্ববিদ্যালয় উৎসব ২০১৬'। উৎসবের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ছবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদের অনুষ্ঠানে অংশগ্রহণ করতে দেখা যাচ্ছে।

বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার হর্ষবর্ধন শ্রিংলা গত ২৯ ডিসেম্বর ২০১৬ প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

'বাঙ্গালী জাতীয়তাবাদের উন্মেষ ও বিকাশঃ ১৯৫২-৬২' শীর্ষক বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় নাজমুল করিম স্টাডি সেন্টারের উদ্যোগে গত ৪ ডিসেম্বর ২০১৬ রমেশ চন্দ্র মজুমদার আর্টস মিলনায়তনে 'বাঙ্গালী জাতীয়তাবাদের উন্মেষ ও বিকাশঃ ১৯৫২-৬২' শীর্ষক নাজমুল করিম স্মারক বক্তৃতা অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে স্মারক বক্তৃতা প্রদান করেন বিশ্ববিদ্যালয় সমাজ বিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক কে এ এম সা'দউদ্দিন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. নেহাল করিম।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অধ্যাপক নাজমুল করিমের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, অত্যন্ত গুরুত্বপূর্ণ এই প্রবন্ধের মাধ্যমে তরুণ প্রজন্ম সঠিক ইতিহাস সম্পর্কে জানবে। ইতিহাস চর্চায় নিজেদের প্রস্তুত করে এগিয়ে নিয়ে যেতে পারবে। স্মারক বক্তৃতায় উঠে এসেছে কিভাবে পাকিস্তানের প্রতিষ্ঠাতা ঢাকা বিশ্ববিদ্যালয়ে এসে 'উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা' এই কথা বলে পাকিস্তান ধ্বংসের বীজ বপন করেছিলেন।

বিজয়ের মাসে উপাচার্য শ্রদ্ধাভরে স্মরণ করেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মুক্তিযুদ্ধে আত্মত্যাগ করে যাঁরা জীবন দিয়েছেন তাঁদের সকলকে। তিনি বলেন, আমরা আজকে যে স্বাধীনতা ভোগ করছি তা ৩০ লক্ষ শহীদের আত্মত্যাগের বিনিময়ে, বঙ্গবন্ধুর নেতৃত্ব ও প্রজ্ঞায় ৯মাসের রক্তক্ষয়ী যুদ্ধের পর পাকিস্তান সেনাবাহিনীকে আত্মসমর্পনে বাধ্য করে এই স্বাধীনতা অর্জিত হয়েছে।

উপাচার্য বলেন, মানুষের সবচেয়ে বড় আভিজাত্য হলো দেশের জন্য, ভাষার জন্য জীবন উৎসর্গ করা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কতজন শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী মুক্তিযুদ্ধে নিপীড়নের শিকার হয়েছেন এবং শহীদ হয়েছেন তার সঠিক সংখ্যা বলা মুশকিল। সকল গণতান্ত্রিক আন্দোলনের নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার যে অগ্রনী ভূমিকা পালন করেছে সেজন্যে বিশ্ববিদ্যালয় গৌরবান্বিত। আমরাও তাতে গৌরব বোধ করি।

জয়নুল উৎসব এবং বার্ষিক লোকজ মেলা

শিল্পাচার্য জয়নুল আবেদিনের ১০২তম জন্মবার্ষিকী উপলক্ষে ৩ দিনব্যাপী জয়নুল উৎসব এবং বার্ষিক লোকজ মেলা গত ২৯ ডিসেম্বর ২০১৬ চারুকলা অনুষদে শুরু হয়েছে। সংস্কৃতি মন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই উৎসব উদ্বোধন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে শিল্পাচার্য জয়নুল আবেদিনের সহধর্মিনী মিসেস জাহানারা আবেদিন বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন স্বাগত বক্তব্য দেন। মৃৎশিল্প বিভাগের সহযোগী অধ্যাপক মো: রবিউল ইসলাম অনুষ্ঠান সঞ্চালন করেন।

চারুকলা শিক্ষায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ অনুষ্ঠানে ভারতীয় শিল্পী যোগেন চৌধুরী এবং বাংলাদেশের শিল্পী আবুল হাশেম খানকে 'জয়নুল সম্মাননা-২০১৬' প্রদান করা হয়। উল্লেখ্য, শিল্পী যোগেন চৌধুরী রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক এবং শিল্পী আবুল হাশেম খান ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাচ্যকলা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক।

সংস্কৃতি মন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি শিল্পাচার্য জয়নুল আবেদিনের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তাঁর অনন্য অবদানের জন্যই বাংলাদেশের শিল্পচর্চা আজ ঈর্ষনীয় মানে পৌঁছেছে। তাঁর অসাম্প্রদায়িক চেতনা ও আদর্শ ধারণ করে দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নেয়ার জন্য তিনি শিল্পীসহ সকলের প্রতি আহ্বান জানান। শিল্প, সাহিত্য, সংস্কৃতি ও বিজ্ঞানের উৎকর্ষ সাধণের মাধ্যমে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশকে সোনার বাংলায় রূপান্তর করতে চেয়েছিলেন উল্লেখ করে তিনি বলেন, তাঁকে হত্যার মাধ্যমে দেশে সন্ত্রাস ও জঙ্গিবাদের সূত্রপাত ঘটানো হয়। দেশকে পরিচালনা করা হয় উল্টোপথে। তিনি প্রকৃত বাঙালি হিসাবে গড়ে ওঠার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়ে বলেন, তাহলেই বাংলাদেশকে বঙ্গবন্ধুর স্বপ্নের দেশে পরিণত করা সম্ভব হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সম্মাননাপ্রাপ্ত শিল্পীদের অভিনন্দন জানিয়ে বলেন, একটি দেশের ভৌগোলিক সীমারেখা থাকে, কিন্তু শিক্ষা, শিল্প, সংস্কৃতি ও জ্ঞান-বিজ্ঞানের কোন সীমারেখা নেই। তাই আজ দু'দেশের দু'জন বিশিষ্ট শিল্পী একই মঞ্চে সম্মাননা লাভ করলেন। সম্মাননাপ্রাপ্ত শিল্পীরা নিজেদের জীবন ও কর্ম দিয়ে প্রমাণ করেছেন সত্যকে ধারণ ও প্রকাশ করাই শিল্পীদের কাজ।

উল্লেখ্য, ৩ দিনব্যাপী জয়নুল উৎসব এবং বার্ষিক লোকজ মেলা ৩১ ডিসেম্বর শেষ হয়। মেলায় চারুকলা অনুষদের শিক্ষার্থী এবং দেশের লোকশিল্পীদের শিল্পকর্ম প্রদর্শনীর আয়োজন করা হয়।

ভারতে উচ্চশিক্ষালাভকারী বাংলাদেশ শিক্ষার্থী সমিতির আয়োজনে 'বিজয় দিবস-২০১৬: আমাদের বিজয়ে ভারতের ভূমিকা' শীর্ষক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান গত ২৯ ডিসেম্বর ২০১৬ ঢাকা বিশ্ববিদ্যালয় রমেশ চন্দ্র মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপি। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার হর্ষবর্ধন শ্রিংলা। সম্মানিত অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। সংগঠনের সভাপতি অধ্যাপক ড. ডালেম চন্দ্র বর্মণের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে মূখ্য বক্তা ছিলেন এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান।

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা অ্যালামনাই এসোসিয়েশনের ১ম পুনর্মিলনী ও বার্ষিক সাধারণ সভা গত ৩০ ডিসেম্বর ২০১৬ কার্জন হল লনে অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এই অনুষ্ঠানের উদ্বোধন করেন ধর্মমন্ত্রী আলহাজ্ব অধ্যক্ষ মোহাম্মদ মতিউর রহমান। এসোসিয়েশনের সভাপতি মিসেস সেলিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এসোসিয়েশনের সদস্য সচিব অধ্যাপক ড. মো. ছগীর আহমেদ এবং আহ্বায়ক ও বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলাম।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)-এর গত ৬ ডিসেম্বর ২০১৬ তারিখের সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও আবাসিক ভবন নির্মাণ প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অর্থ অনুমোদন করা হয়। এ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের পক্ষ থেকে গত ২০ ডিসেম্বর ২০১৬ এক আনন্দ শোভাযাত্রা উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

৩ শিক্ষার্থীকে জননেতা আব্দুর রাজ্জাক স্মৃতি বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ৩জন মেধাবী শিক্ষার্থী 'জননেতা আব্দুর রাজ্জাক স্মৃতি বৃত্তি' লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন - রোবেল মোল্লা, মো: আতাউর রহমান ও ফারিহা তাবাসসুম। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ৩ জানুয়ারি ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী 'জননেতা আব্দুর রাজ্জাক স্মারক বক্তৃতা' প্রদান করেন। প্রয়াত আব্দুর রাজ্জাকের পুত্র নাহিম রাজ্জাক এমপি স্বাগত বক্তব্য দেন। ধন্যবাদ জ্ঞাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. হাসানুজ্জামান চৌধুরী। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রয়াত আওয়ামী লীগ নেতা আব্দুর রাজ্জাকের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক ছিলেন। সাধারণ মানুষের শান্তি, সামাজিক মুক্তি ও স্বাধিকারের জন্য তিনি আজীবন কাজ করে গেছেন। উপাচার্য তাঁর আদর্শ অনুসরণ করে সৎ, দেশপ্রেমিক ও নৈতিক মূল্যবোধ সম্পন্ন মানুষ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, জননেতা আব্দুর রাজ্জাক ১৯৪২ সালের ১ আগস্ট জন্মগ্রহণ করেন এবং ২০১১ সালের ২৩ ডিসেম্বর ইন্তেকাল করেন।

'মো. নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ড বৃত্তি' পেলেন ১৯ শিক্ষার্থী

পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বিভিন্ন বিভাগের ১৯জন শিক্ষার্থী "মো: নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ড বৃত্তি" লাভ করেছেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ৭ ডিসেম্বর ২০১৬ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত বৃত্তি প্রদান অনুষ্ঠানে ট্রাস্টি বোর্ডের সদস্য কবি রুবী রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এ সময় উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪র্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের সভাপতি তোফাজ্জল হোসেন চৌধুরী এবং সাধারণ সম্পাদক হান্নান মিজি। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক মো: নুরুল ইসলামের স্মৃতির কথা স্মরণ করে তাঁর নামের এই বৃত্তির প্রতি যথাযথ সম্মান রেখে সুনাগরিক হিসেবে গড়ে ওঠার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বিজয়ের মাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, জাতির জনক তাঁর ছাত্র জীবনে ৪র্থ শ্রেণি কর্মচারীদের স্বার্থে আন্দোলনে সমর্থন দিয়েছিলেন। নুরুল ইসলাম বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে সারা জীবন বিশ্ববিদ্যালয়ে কাজ করেছেন। উপাচার্য বৃত্তিপ্রাপ্তদের উদ্দেশ্যে বলেন, বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ থেকে শিক্ষা নিয়ে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার কাজ করতে হবে। উপাচার্য বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল একনেক বৈঠকে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কাজের জন্য প্রায় ৬২০ কোটি টাকার বরাদ্দ দিয়েছেন। তার মধ্যে ৪র্থ শ্রেণি কর্মচারীদের জন্য ভবন নিমাণের প্রকল্পও রয়েছে। আমরা প্রধানমন্ত্রীর প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

বৃত্তিপ্রাপ্তরা হলেন- পিন্টু কুমার, জয়া রায়, মো. আবু জাফর, মো. রেজাউল, মো. সেলিম রানা, পদ্মশ্রী রায়, অমিত সরকার, মো. আসিফ আহমেদ, মো. রোবেল হোসেন, মো.ওবায়দুল হক, মামুনুর রশিদ, মো. সুমন প্রধান, মো. কামরুল ইসলাম, মো. ফজলে রাব্বি, হৃদয় বাবু, সুচিতা সরকার, মির্জা আশিক, এম সাজ্জাদুল ইসলাম ও সুবর্ণা মোর্শেদা।

ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগে প্রতিষ্ঠিত কাজী আবদুল ফাত্তাহ-খুরশীদা বানু ফাত্তাহ ট্রাস্ট ফান্ডের মূলধন বৃদ্ধি করা হয়েছে। এই মূলধন বৃদ্ধির লক্ষ্যে উদ্ভিদ বিজ্ঞান বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. কাজী আবদুল ফাত্তাহ ৫ লাখ টাকার একটি চেক গত ৩০ নভেম্বর ২০১৬ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন। উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এম.এ. বাশার এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫